

প্যারিসে উদীচীর বিজয় মেলা, মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচিত্র ও চিত্রকর্ম প্রদর্শনী

ওয়াসিম খান পলাশ



বিস্তারিত

মহান বিজয় দিবসকে সামনে রেখে উদীচী ফ্রাঙ্ক শাখার উদ্যোগে গতকাল প্যারিসে অনুষ্ঠিত হলো বিজয় মেলা, মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচিত্র ও চিত্র প্রদর্শনী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফ্রাঙ্কে নিযুক্ত বাংলাদেশ সরকারের মাননীয় রাষ্ট্রদূত মুক্তিযোদ্ধা জনাব এনামুল কবির এবং শহরের ওবার বিলিয়ের মেয়র মোসিও জ্যাক সালভাতর। অনুষ্ঠানের শুরুতেই প্রদর্শিত হয় মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ের কিছু দুর্লভ চিত্র কর্ম প্রদর্শনী ও এটিএন বাংলার সৌজন্যে প্রদর্শিত হয় মুক্তিযুদ্ধের ইতিহাস ভিত্তিক প্রামাণ্য চলচিত্র। স্মৃতিচারণ অনুষ্ঠানে বক্তারা মুক্তিযুদ্ধ পূর্ব ইতিহাস ও মুক্তিযুদ্ধ সময়কালীন নিজেদের জীবনের বাস্তব ঘটনাগুলো বর্ণনা করেন। রাষ্ট্রদূত জনাব এনামুল কবির তার বক্তৃতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ ও নিজের জীবনে ঘটে যাওয়া মুক্তিযুদ্ধের ঘটনাবলীর স্মৃতিচারণ করেন। এলাকার মেয়র বক্তৃতায় তার এলাকায় বসবাসরত প্রবাসীদের নিজেদের দেশের সাংস্কৃতিক অব্যাহত রাখার আহবান জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি দুজনকে উদীচীর পক্ষ থেকে সম্বর্ধনা দেয়া হয়। সবশেষে শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান জাতীয় সংগীত পরিবেশনার মধ্য দিয়ে। অনুষ্ঠানে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র ভিত্তিক গান, আবৃত্তি, নাচ ও বিভিন্ন নাট্যাংশের খন্ড খন্ড চিত্র প্রদর্শিত হয়। অনুষ্ঠানটির সার্বিক পরিচালনায় ছিলেন কিরণ ময় মন্ডল ও সহযোগিতায় ছিলেন কামরুল হাসান উজ্জ্বল।



মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ের চিত্র প্রদর্শনী



স্মৃতিচারনে রাষ্ট্রদূত এনামুল কবির



